মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

নম্বর: ৩৭.১১.৪০৪১.০০০.৪৪১.০০.০০০১.২০.৪

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২০ মে ২০২৫ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ০৪ জুন ২০২৫ খ্রি. তারিখের মধ্যে এডহক কমিটি গঠনপূর্বক অনুমোদন সংক্রান্ত নির্দেশনা প্রদান প্রসঙ্গে

সূত্র: 37.11.4041.441.00.001.20.34, তারিখ: 03/12/2024 খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রমূলে 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪' এর প্রবিধি ৬৪ (২) মোতাবেক এডহক কমিটি গঠনের অনুমতি প্রাপ্তির এক মাসের মধ্যে কমিটি গঠনপূর্বক অনুমোদনের জন্য শিক্ষা বোর্ডে আবেদনের বাধ্যবাধকতা রয়েছে। অত্র বোর্ডের আওতাধীন যে সকল প্রতিষ্ঠান এখনও এডহক কমিটি গঠন করেননি, সে সকল প্রতিষ্ঠানকে শিক্ষা মন্ত্রণালয় ও আন্তঃবোর্ডের ১৫ মে ২০২৫ খ্রি. তারিখের সিদ্ধান্ত মোতাবেক আগামী ০৪ জুন ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে বাধ্যতামূলক এডহক কমিটি গঠনের জন্য নির্দেশনা প্রদান করা হলো। উক্ত তারিখের মধ্যে কোনো প্রতিষ্ঠান এডহক কমিটি গঠন করতে ব্যর্থ হলে উক্ত প্রতিষ্ঠানের সার্ভার প্যানেল বন্ধসহ আন্তঃবোর্ডের সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

উল্লেখ্য, কমিটি গঠনের পূর্ব অনুমতির প্রয়োজন নেই।

২০-০৫-২০২৫
প্রফেসর ড. মোসাম্মাৎ আসমা বেগম
চেয়ারম্যান
০২৪৭৭৭৬২৬৯৯
chairman@jessoreboard.gov.bd

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর-এর আওতাধীন অধ্যক্ষ/ প্রধান শিক্ষক।

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ।
২। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট জেলা।
৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা।
৫। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট জেলা।
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট উপজেলা।
৭। পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
৮। সংরক্ষণ নথি, অফিস।